# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 April, 2025

নোয়াখালীর সুবর্ণচরে বালতির পানিতে ডুবে ২২ মাস বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে।

নিহত আলফাজুল ইসলাম উপজেলার চরজুবলি ইউনিয়নের ২নম্বর ওয়ার্ডের বোরহান উদ্দিন বাড়ির মোহাম্মদ ইমাম হোসেনের ছেলে।

শনিবার (২৬ এপ্রিল) সকালে বিষয়টি নিশ্চিক করেন চরজব্বার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন মিয়া।এর আগে, গতকাল শুক্রবার সকালে উপজেলার চরজুবলি গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সকালে পারিবারিক কাজে ব্যস্ত ছিল আলফাজুলের মা। পরিবারের সদস্যদের অগোচরে শিশুটি খেলতে খেলতে বাড়ির আঙিনার এক পাশে থাকা টিউবওয়েলের কাছে চলে যায়।সেখানে একটি বালতিতে পানিভর্তি ছিল। ধারণা করা হচ্ছে, পানি নিয়ে খেলার একপর্যায়ে বালতিতে পড়ে ডুবে যায় শিশুটি। পরে শিশুটিকে বালতির পানি থেকে ডুবন্ত অবস্থায় উদ্ধার করে স্বজনেরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।সেখানে শিশুটিকে কর্তব্যরত মৃত ঘোষণা করেন চিকিৎসক।

চরজব্বার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন মিয়া বলেন, খেলতে গিয়ে বালতির পানিতে ডুবে শিশুটির মৃত্যু হয়।খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন।অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

নোয়াখালী টিউবওয়েল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:42

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1440775807